



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.১৬৪

তারিখ: ৩১ আষাঢ়, ১৪২৭

১৫ জুলাই ২০২০

অফিস আদেশ

সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর- এর অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ সুলতান মাহমুদ পি.আর.এল-জনিত কারণে গত ০৪/০৭/২০২০ তারিখ দায়িত্বভার হস্তান্তর করেন। উপাধ্যক্ষ না থাকায় কলেজের জ্যেষ্ঠ কর্মকর্তা অর্থনীতি বিষয়ের অধ্যাপক প্রফেসর কাজী গোলাম মোস্তফা (আইডি-১৫২৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদের দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে প্রফেসর কাজী গোলাম মোস্তফা (আইডি-১৫২৩)-কে দায়িত্বভার গ্রহণের তারিখ হতে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২. কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা দ্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভিলিয়ম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।

৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৫-৭-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.১৬৪/১(৭)

তারিখ: ৩১ আষাঢ়, ১৪২৭

১৫ জুলাই ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন উইং), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৪) প্রফেসর কাজী গোলাম মোস্তফা, সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা।
- ৬) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ৭) সংরক্ষণ নথি।

১৫-৭-২০২০

মোহাম্মদ দেলোয়ার হোসেন

সহকারী পরিচালক